দৈনিক জনতা

তারিখ ..23. JUL 1991 ...
পৃষ্ঠা... ১ ... কলাম ... ১ ...

৪৫

137

সোহরাওয়ার্দী কলেজে ছাত্রদলের ঘরোয়া কোন্দলের জের

# ব্যাপক বোমাবাজি ঃ গোলাগুলি স্কুল ছাত্রীসহ ২৫ জন আহত

স্টাফ রিপোর্টার ঃ সরকারি সোহরাওয়ার্দী কলেজের ছাত্র সংসদ নির্বাচনকে কেন্দ্র করে গতকাল বিএনপি সমর্থিত ছাত্র সংগঠন জাতীয়তাবাদী ছাত্রদলের দুটি বিবদমান গ্রুপের মধ্যে ব্যাপক বোমাবাজি, ধাওয়া-পাল্টা ধাওয়া ও গুলি বিনিময়ে ২৫ জন আহত হয়েছে। আহতদের মধ্যে পাঁচ জনের অবস্থা গুরুতর বলে জানা গেছে। কর্তৃপক্ষ কলেজ অনির্দিষ্টকালের জন্যে বন্ধ করে দিয়েছেন। আহতদের মধ্যে একজন মহিলা ও স্কুল ছাত্রী রয়েছেন। মহিলার নাম শাহনাজ ও ছাত্রীর নাম কোয়েল।

গতকাল সোমবার সকাল ১১টার দিকে ছাত্রদলের একটি মিছিল ছাত্র সংসদ নির্বাচনের দাবিতে ক্যাম্পাস এলাকা প্রদক্ষিণ করে। এসময় ছাত্রদলের অপর

শেষ পৃঃ ৭-এর কঃ দেখুন

## ব্যাপক বোমাবাজি

প্রথম পৃষ্ঠার পর

গ্রুপ যারা নির্বাচন বিরোধী তারা মিছিলে পিস্তলের গুলি ছোঁড়ে। পরে মিছিল থেকে পাল্টা গুলি শুরু হয়। জানা যায়, কলেজ ক্যাম্পাসে ছাত্রদলের হেলাল গ্রুপ ও সবুজ গ্রুপের মধ্যে দীর্ঘদিন যাবৎ নেতৃত্ব নিয়ে উপদলীয় কোন্দল চলছিলো। গতকাল দুই গ্রুপের মধ্যে সংঘর্ষ শুরু হলে এলাকার জনগণ আতংকগ্রস্ত হয়ে ছুটাছুটি শুরু করেন। অলিগলিতে যানবাহন চলাচল বন্ধ হয়ে যায়।

এ সময় গুলি ও বোমার আঘাতে আহত হন মানিক, তপু, রিয়াজ, গোকন, জুয়েল, লতিফ, মানিকসহ ২৫ জন। এ সময় আহত হন শাহনাজ নামে এক মহিলা ও তার মেয়ে কোয়েল। তিনি মেয়েকে নিয়ে স্কুলে যাচ্ছিলেন বলে জানা গেছে। এ ব্যাপারে সূত্রাপুর থানায় দুদলের পক্ষ থেকে দুটি পৃথক মামলা দায়ের করা হয়েছে। সকাল ১১টা থেকে বেলা ২টা পর্যন্ত এই সংঘর্ষ চলে। অসংখ্য বোমা বিস্ফোরণ আর গুলির শব্দে জনগণের মধ্যে আতংক সৃষ্টি হয়। পরে খবর পেয়ে পুলিশ এলাকায় পৌঁছে। এ রিপোর্ট লেখা পর্যন্ত ক্যাম্পাস এলাকায় পুলিশ মোতায়েন রয়েছে। এলাকায় চরম উত্তেজনা বিরাজ করছে।

এদিকে গতকাল সরকারি শহীদ সোহরাওয়ার্দী কলেজ শাখার জাতীয়তাবাদী দলের এক প্রেস বিজ্ঞপ্তিতে জানানো হয়, আনুমানিক সাড়ে এগারটায় ছাত্রদলের শান্তিপূর্ণ মিছিলের ওপর বহিরাগত সন্ত্রাসীদের বর্বরোচিত হামলার প্রতিবাদে ছাত্রদল উক্ত কলেজ শাখা একটি প্রতিবাদ সভার আয়োজন করে।